**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**28 MAY 2025** **7:35 AM IST**

===========================================================================

রাজ্যের খাদ্য , গনবন্টন ,গ্রাহক বিষয়ক এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ সকালে শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে বন্যা মোকাবিলায় গৃহিত ব্যবস্থা নিয়ে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ নেবেন এবং দুপুরে দুই দিনের কাছাড় জেলা সফর শেষ করে গুয়াহাটীর উদ্দেশ্যে যাত্রা করবেন ।

---

এদিকে বদরপুরঘাটের গ্যামন সেতু সংস্কার কাজের জন্য বন্ধ থাকায় কাটিগড়া ও বদরপুরের মধ্যে আগামীকাল থেকে বিকল্প পরিবহন ব্যবস্থা হিসেবে বিনামূল্যে ফেরী পরিষেবা চালু করা হবে ।

মন্ত্রী কৌশিক রাই গতকাল শিলচর ও কাটিগড়ায় নির্ম্মিয়মান বেশ কিছু উন্নয়ন প্রকল্পের কাজের অগ্রগতি পরিদর্শন করে একথা জানিয়েছেন । মন্ত্রী শ্রী রাই গতকাল প্রথমে কাটিগড়ার গ্যামন সেতুর সংস্কার কাজ পরিদর্শন করে স্থানীয় জনগনের সঙ্গে মত বিনিময় করে জন দূর্ভোগ নিরসনে আগামীকাল থেকে ফেরী পরিষেবা বিনামূল্যে করার কথা ঘোষনা করেন।

এরপর মন্ত্রী শিলচর শ্রীকোনায় নির্মিয়মান বরাক উপত্যকা সচিবালয় , শিলচর মেডিকলে কলেজের নতুন ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ভবনের পরিকাঠামো ও পরিষেবা সংক্রান্ত বিষয় নিয়ে পর্য্যালোচনা করেন । এছাড়া মন্ত্রী ইন্টিগ্রেটেড জেলা আয়ুক্তের কার্য্যলয় প্রকল্পের অগ্রগতি , শিলকুড়ির কনভেনশন সেন্টার পরিদর্শন করেন ।

---

কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা , খাদ্য ও গন বন্টন প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া গতকাল হাইলাকান্দি জেলার লালামূখ গ্রামের অধীন গাগলাছড়ায় থাকা পনির উৎপাদন কেন্দ্র পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন । পরে মন্ত্রী স্থানীয় মহিলা আত্ম-সহায়ক গোষ্ঠীর সদস্যদের সঙ্গে কথা বলতে গিয়ে মহিলাদেরকে আত্ম-নির্ভরমূলক মূলক প্রকল্পের সুযোগ গ্রহন করতে আহ্বান জানান । এর আগে কেন্দ্রীয় মন্ত্রী নিমুবেন জয়ন্তীবেন বামভানিয়া দক্ষিন হাইলাকান্দি ব্লকের সুলতানিছড়ায় ৮০ নম্বর সুলতানি মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করে শিশু ও অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করেন । এছাড়া মন্ত্রী ঘাড়মূরায় নতুন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র , অলইছড়ায় কৃষি বিভাগের উদ্যোগে ১০ বিঘা জমিতে পাম তৈল বীজ নার্সারী পরিদর্শন করেন । মন্ত্রীর সঙ্গে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

সেন্ট্রেল বোর্ড অফ ডাইরেক্ট টেক্সেস ( সি বি ডি টি ) ইনকাম টেক্স রিটার্নের এর শেষ তারিখ চলতি বছরের ৩১ শে জুলাই থেকে বৃদ্ধি করে ১৫ ই সেপ্টেম্বর করেছে । সি বি ডিটি এক বিবৃতিতে জানিয়েছে যে এই বৃদ্ধি ইনকাম টেক্স রিটার্ন এর ফর্ম যথাযথভাবে

পূরণ করতে সহায়তা করবে । এছাড়া এরফলে সকলের সঠিকভাবে রিটার্ন ফর্ম পূরণের অভীজ্ঞতাও হবে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে বদরপুর ঘাটের গ্যামন সেতুর সংস্কার কাজের জন্য সৃষ্ট অস্থায়ী কিছু অসুবিধা নিরসনে আগামী ৪৫ দিনের জন্য গুয়াহাটী-দূর্লভছড়া এক্সপ্রেস ট্রেনটি হিলাড়া ও সুক্রিতীপুর স্টেশনে দুই মিনিটের জন্য থামানোর সিদ্ধান্ত হয়েছে । আজ থেকে এই সিদ্ধান্ত কার্য্যকর হচ্ছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে গুয়াহাটী - দূর্লভছড়া এক্সপ্রেস ট্রেনটি সকাল ৬টা ১০ মিনিটে হিলাড়া স্টেশনে পৌছে ৬টা ১২ মিনিটে ছাড়বে । অন্যদিকে গুয়াহাটী-দূর্লভছড়া এক্সপ্রেস ট্রেনটি আগামীকাল থেকে ৬টা ২৩ মিনিটে থেকে ৬টা ২৫ মিনিটে ছাড়বে ।

---

গতকাল রাত ১টা ৫৪ মিনিটে শিলচর,গুয়াহাটী , মিজোরাম ,মেঘালয় ,নাগাল্যান্ডে মাঝারী ধরনের ভূমিকম্প অনুভূত হয়েছে । ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল মণিপুরের চূড়াচান্দপুরের ৪০ কিলোমিটার গভীরে । রেক্টার স্কেলে ভূমিকম্প ছিল ৫ দশমিক দুই । ক্ষয়ক্ষতির কোন খবর পাওয়া যায় নি ।

---